

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা
www.mof.gov.bd

বিষয়: অর্থ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সাথে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	বেগম সেলিনা আখতার অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
তারিখ ও সময়	১৩/১২/২০২০, বেলা ১২.০০ ঘটিকা
স্থান	কক্ষ নং- ২০৪, ভবন নং-৭, অর্থ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **পরিশিষ্ট-‘ক’**।

সভার প্রারম্ভে সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার, অর্থ বিভাগ এবং ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অর্থ বিভাগের যুগ্মসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুন্সী আবদুল আহাদ আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০২০-২০২১ এর প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২০) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি দপ্তর/সংস্থা
০১.	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার (Innovation) অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট কার্যাবলী নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল /হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০২.	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে ০১ দিনের ০৩ টি কর্মশালা/সেমিনার, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণের আয়োজন করবে।	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল /হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৩.	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল /হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৪.	জাতীয় তথ্য বাতায়নের অনুরূপ আগামী ২৮/১২/২০২০ তারিখের মধ্যে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল /হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৫.	নূন্যতম একটি উদ্ভাবন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে (শোকেসিং) অংশগ্রহণ করতে হবে।	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল /হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
০৬.	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার (Innovation) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট পরীক্ষা-চক্রে যথাসময়ে বাজেট ও পরিকল্পনা শাখায় প্রেরণ করতে হবে।	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল /হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়

২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-

১৭/১২/২০২০

(বেগম সেলিনা আখতার)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা)

অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়।

